অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্থানীয় পানি-সম্পদ অবকাঠামো প্রকল্পগুলো সাশ্রয়ী করে তোলার জন্য 273 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকল-এর আলোকপাত

আর্থিক সহায়তার অনুমোদন মিউনিসিপ্যালিটিগুলিকে জনস্বাস্থ্য এবং পরিবেশের ঝুঁকি হ্রাসকারী প্রকল্পে প্রয়োজনীয় মূলধন পাওয়ার অনুমোদন প্রদান করে

আলবানি সিটির জন্য সীসার অবকাঠামো প্রতিস্থাপন ও রূপান্তর সংক্রান্ত একটি তহবিল এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, যেটি গভর্নর হোকল-এর 100 মিলিয়ন ডলারের উদ্যোগের আওতায় প্রথম অনুমোদিত হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC)-এর পরিচালনা বোর্ড নিউ ইয়র্ক স্টেট জুড়ে পানি-সম্পদ অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলোর জন্য 273 মিলিয়ন ডলারের আর্থিক সহায়তা অনুমোদন করেছে। বোর্ডের এই অনুমোদন অত্যন্ত গুরুত্বপূর্ণ পানি-সম্পদ ও সিউয়ার অবকাঠামো প্রকল্পগুলোর কাজ শুরু করার জন্য কম খরচের অর্থায়ন এবং ইতোপূর্বে ঘোষণা করা অনুদানগুলোতে মিউনিসিপ্যাল অ্যাক্সেস অনুমোদন করছে, যার মধ্যে সীসা দিয়ে তৈরি করা সরবরাহ লাইন প্রতিস্থাপন এবং সুপেয় পানি থেকে উদীয়মান দূষণকারী পদার্থ পরিশোধন প্রক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে।

গত শরতে গভর্নর Hochul (হোকল) কর্তৃক এই নজিরবিহীন 100 মিলিয়ন ডলারের উদ্যোগ ঘোষণার পরে, আজকের ঘোষণার মধ্য দিয়ে নতুন সীসা অবকাঠামোর প্রতিস্থাপন ও রূপান্তর (Lead Infrastructure Forgiveness and Transformation) কর্মসূচির অধীনে অনুমোদিত প্রথম তহবিল প্রদান করা হচ্ছে। EFC-এর বোর্ড আলবানির পানি সরবরাহ ব্যবস্থায় আনুমানিক 2,500 সীসার পাইপ প্রতিস্থাপন করার জন্য 12.9 মিলিয়ন ডলারের একটি প্রকল্পের জন্য তহবিল অনুমোদন করেছে। এটি নিউ ইয়র্ক ব্যাপী 340 মিলিয়ন ডলারের আরো বড় প্রচেষ্টার একটি অংশ, যেখানে সীসামুক্ত করার জন্য স্টেট তহবিল ও ফেডারেল তহবিল উভয়টি ব্যবহার করা হচ্ছে। আলবানি 12টি কমিউনিটির মধ্যে একটি যারা ফেডারেল অনুদানগুলোর মাধ্যমে পুরোপুরি পরিশোধ না হওয়া খরচ মেটানোর জন্য ঋণ মওকুফ করে দেওয়ার এসব অনুদান পাচ্ছে, যা এসব কমিউনিটির স্থানীয় করদাতাদের যাতে এসব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্পের আর্থিক বোঝা বহন করতে না হয় সে বিষয়টি নিশ্চিত করছে।

"আজকের ঘোষণা হলো নিউ ইয়র্কবাসীদেরকে যাতে তাদের কল থেকে বের হয়ে আসা পানি নিরাপদ কিনা এই নিয়ে দুশ্চিন্তা করতে না হয় সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে গৃহীত আরেকটি বৃহৎ পদক্ষেপ," **বলেছেন গভর্নর Hochul (হোকল)**। "নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং সেকারণেই আমার নির্বাহী বাজেটে আমি নির্মল পানির জন্য আরো 500 মিলিয়ন ডলার বরাদ্দ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছি। কমিউনিটিগুলোকে তাদের পানি সরবরাহ ব্যবস্থার অপরিহার্য আপগ্রেডের অর্থায়নের ক্ষেত্রে সাহায্য করার মাধ্যমে, আমরা জনস্বাস্থ্য, পরিবেশ, এবং নিউ ইয়র্কবাসীদের ওয়ালেটকে সুরক্ষিত রাখছি।"

EFC-এর বোর্ড ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund) এবং ড্রিঙ্কিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Drinking Water State Revolving Fund) থেকে স্থানীয় সরকারগুলোকে অনুদান ও অর্থায়ন অনুমোদন করেছে, যেখানে কমিউনিটির পানি-সম্পদ অবকাঠামো প্রকল্পগুলোতে অর্থায়নের জন্য ফেডারেল ও স্টেট ডলারের মিশ্রণ ঘটেছে, এবং স্টেটের সীসা অবকাঠামোর প্রতিস্থাপন ও রূপান্তর এবং পানি-সম্পদ অবকাঠামো উন্নয়ন (Water Infrastructure Improvement) কর্মসূচির অধীনে ইতোমধ্যে ঘোষণা করা স্টেটের অনুদানগুলো অনুমোদন করেছে। বোর্ডের অনুমোদন এই অর্থায়ন প্রক্রিয়ার অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ধাপ এবং এটি কমিউনিটিগুলোকে প্রকল্প বাস্তবায়নের জন্য এসব তহবিল অ্যাক্সেস করার সুযোগ দিবে।

স্টেটের বিনিয়োগের সঙ্গে ফেডারেল তহবিল কাজে লাগানো জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখা, পরিবেশকে সুরক্ষিত রাখা, কমিউনিটিগুলোর জলবায়ুর জন্য প্রস্তুতি জোরদার করা, এবং অর্থনৈতিক উন্নয়নের প্রসার ঘটানোর জন্য সিস্টেমের গুরুত্বপূর্ণ উন্নয়নের জন্য স্থানীয় কমিউনিটিগুলোর ক্ষমতায়ন করা অব্যাহত রাখবে।

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের (Environmental Facilities Corporation) প্রেসিডেন্ট ও CEO Maureen A. Coleman (মরিন এ. কোলম্যান) বলেন, "সুস্থ কমিউনিটিগুলোই শক্তিশালী কমিউনিটি, এবং সেকারণেই আধুনিক, শক্তিশালী পানি-সম্পদ অবকাঠামোয় বিনিয়োগ করা এত গুরুত্বপূর্ণ। এসব প্রকল্পকে সহায়তা করার মাধ্যমে, আমরা শুধু বর্তমানেই জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখছি না, বরং গভর্নর Hochul (হোকল) নিশ্চিত করছেন যে করদাতাদের উপর ভারী আর্থিক বোঝা চাপিয়ে দেওয়া ছাড়াই ভবিষ্যত প্রজন্মগুলো নির্ভরযোগ্য, নিরাপদ পানির অ্যাক্সেস পাবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার Sean Mahar (সিয়ান মাহার) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত অঙ্গীকারাবদ্ধতা এবং কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখা এবং প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য নির্বাহী বাজেটে অতিরিক্ত 500 মিলিয়ন ডলার বরাদ্দ করার সুবাদে, নিউ ইয়র্ক স্টেট নতুন ও বিদ্যমান মিউনিসিপ্যাল পানির মান সংক্রান্ত প্রকল্পগুলোর দীর্ঘমেয়াদী সুলভতা নিশ্চিত করতে সাহায্য করা অব্যাহত রাখতে পেরেছে। স্টেটজুড়ে পানি-সম্পদ অবকাঠামোর উন্নয়নের জন্য DEC, EFC এবং আমাদের অনেক অংশীদারের এগিয়ে নেওয়া সফল কাজের উপর ভিত্তি করে, আজ ঘোষণা করা এসব উদ্যোগ ও বিনিয়োগ

পরিবেশের সুরক্ষা উন্নত করবে, জনসাধারণকে সীসা ও উদীয়মান দূষিত পদার্থের দূষণ থেকে সুরক্ষিত রাখবে, এবং সহনশীলতা উন্নত করা ও স্থিতিশীলতা উন্নত করার মাধ্যমে বন্যা প্রতিরোধ করবে।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার Dr. James McDonald (ড. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "গভর্নর Hochul (হোকল) সব নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ ও নির্ভরযোগ্য সুপেয় পানি প্রদান করার জন্য তার অঙ্গীকারাবদ্ধতা রক্ষা করা অব্যাহত রেখেছেন। এই সর্বশেষ ঘোষণা মিউনিসিপ্যালিটিগুলোকে অত্যন্ত গুরুত্বপূর্ণ পানি-সম্পদ অবকাঠামো প্রকল্পগুলোর অর্থায়ন করতে সাহায্য করবে যেগুলো সীসা অপসারণ করবে, জলবায়ু পরিবর্তন থেকে সুরক্ষিত রাখবে এবং বর্তমানে ও আগামী প্রজন্মগুলোতে তাদের কমিউনিটির স্বাস্থ্য ও সুস্থতাকে সুরক্ষিত রাখবে।"

নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি. মোসলি) বলেন, "সাশ্রয়ী নির্মল পানি-সম্পদ অবকাঠামো এম্পায়ার স্টেটজুড়ে স্বাস্থ্যকর, শক্তিশালী ও সমৃদ্ধশীল কমিউনিটিগুলোর ভিত্তি হিসেবে কাজ করে। আরো একবার গভর্নর Hochul (হোকল)-এর বাজেটে স্থানীয় পানি সরবরাহ ব্যবস্থাকে আপগ্রেড করার জন্য কয়েকশ মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে, যা স্টেটজুড়ে কমিউনিটিগুলোর জন্য কর্মসংস্থান তৈরি করবে, পরিবেশ সুরক্ষিত রাখবে ও সংরক্ষণ করবে এবং জনস্বাস্থ্য উন্নত করবে।"

সিনেটর Chuck Schumer (চাক স্কুমার) বলেন, "প্রত্যেক ব্যক্তির নির্মল পানি ও আধুনিক পানি ব্যবস্থায় অ্যাক্সেস পাওয়ার অধিকার রয়েছে। এখন, আমার বাইপার্টিজান অবকাঠামো ও কর্মসংস্থান আইনের কল্যাণে, পানি-সম্পদ অবকাঠামো আপগ্রেড করার জন্য লকপোর্ট থেকে শুরু করে লং আইল্যান্ডের কমিউনিটিগুলো 100 মিলিয়ন ডলারের একটি ঐতিহাসিক তহবিল পাচ্ছে, যার মধ্যে আলবানিতে সীসার সার্ভিস লাইনগুলো প্রতিস্থাপনের জন্য বৃহৎ অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে। এসব ডলার স্টেটজুড়ে মিউনিসিপ্যালিটিগুলোকে গুরুত্বপূর্ণ ওয়াটার সিস্টেম আধুনিকায়ন করার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। যার আরেক অর্থ হল চাকরি, চাকরি, চাকরি, যা নিউ ইয়র্কের জলকে আরও স্বাস্থ্যকর এবং পরিষ্কার করার জন্য দীর্ঘমেয়াদী প্রকল্পগুলির মাধ্যমে আমাদের সম্প্রদায়গুলিকে আরও উন্নত করবে এবং উৎসাহ করবে। এই বৃহৎ অর্থায়ন প্রদান করতে পেরে আমি গর্বিত এবং আমাদের স্টেটের পুরোনো হয়ে যাওয়া পানি-সম্পদ অবকাঠামোর সংস্কার করা, নিউ ইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা এবং আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ ও সুস্থ রাখার লড়াইয়ে গভর্নর Hochul (হোকল)-এর অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

রিপ্রেজেন্টেটিভ Paul Tonko (পল টনকো) বলেন, "যখন আমি আমাদের বাইপার্টিজান অবকাঠামো আইনের জন্য আমার ভোট দিয়েছিলাম, তখন দেশজুড়ে স্টেট ও মিউনিসিপ্যালিটিগুলোকে তাদের সুপেয় পানি, বর্জ্য পানি ও বৃষ্টির পানি ব্যবস্থাপনার অবকাঠামো জোরদার করতে সাহায্য করার জন্য 50 বিলিয়ন ডলারেরও বেশি অর্থ প্রদান করার জন্য আমরা যেসব পদক্ষেপ অন্তর্ভুক্ত করেছিলাম সেগুলোর ব্যাপারে আমি বিশেষভাবে গর্বিত ছিলাম। এখন, নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিগুলোতে এসব বিনিয়োগ আরো বেশি পরিমাণে দেখতে পেয়ে আমি রোমাঞ্চিত বোধ করছি। আলবানি সিটিতে আনুমানিক 2,500 সীসার সার্ভিস

লাইন প্রতিস্থাপন করার জন্য 12.9 মিলিয়ন ডলার সহ, গুরুত্বপূর্ণ পানি-সম্পদ অবকাঠামো প্রকল্পগুলোর জন্য 273 মিলিয়ন ডলারের স্টেট ও ফেডারেল তহবিল বরাদ্দ দেওয়ার অঙ্গীকারের মাধ্যমে, আজকের ঘোষণা প্রতিটি পরিবারের নিরাপদ, সুপেয় পানির অ্যাক্সেস থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য আমাদের প্রচেষ্টাকে সামনে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপের সূচনা করছে। সামনের সময়গুলোতে, এসব বিনিয়োগ জনস্বাস্থ্য সুরক্ষিত রাখা, জলবায়ু সংকটের প্রতি সাড়া দেওয়া, এবং নিজেদের স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করার জন্য আমাদের কমিউনিটিগুলোর ক্ষমতায়ন কিভাবে করবে তা দেখার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

রিপ্রেজেন্টেটিভ Tom Suozzi (টম সুওজি) বলেন, "বাইপার্টিজান অবকাঠামো বিল, যেটি নিয়ে সমঝোতায় পৌঁছাতে সমস্যা সমাধানকারীদের ককাস (Problem Solvers Caucus)-এর অংশ হিসেবে আমি সাহায্য করেছিলাম, আরো একবার আমাদের স্থানীয় ওয়াটার ডিস্ট্রিক্টগুলোকে প্রয়োজনীয় তহবিল প্রদান করছে। পোর্ট ওয়াশিংটন ও ওয়েস্টবারির এসব প্রকল্প এমন জরুরি বিনিয়োগ যা শুধু ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য আমাদের পানি-সম্পদ অবকাঠামোকে সুরক্ষিত রাখবে ও উন্নত করবে তাই নয়, বরং আমাদের স্থানীয় করদাতাদের উপর আর্থিক চাপও প্রশমিত করবে।"

নিম্নলিখিত অঞ্চলগুলোতে প্রকল্পগুলোর জন্য তহবিল অনুমোদন করা হয়েছে:

রাজধানী অঞ্চল

- **আলবানি মিউনিসিপ্যাল ওয়াটার ফাইন্যান্স অথরিটি (Albany Municipal Water Finance Authority)**
  -বৃষ্টির পানি ব্যবস্থাপনা উন্নয়নের জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 1.3 মিলিয়ন ডলারের অনুদান।
  -আনুমানিক 2,500 সীসার সার্ভিস লাইন প্রতিস্থাপনের জন্য 12.9 মিলিয়ন ডলার। এর মধ্যে সুদমুক্ত অর্থায়ন মওকুফ করার জন্য স্টেটের নতুন সীসা অবকাঠামোর প্রতিস্থাপন ও রূপান্তর অনুদানের সাথে একসঙ্গে একটি ফেডারেল অনুদান ও সুদমুক্ত অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে।

ফিঙ্গার লেকস

- **ক্লাইড ভিলেজ** – দুইটি কূপের পাম্পকে নতুন ভার্টিকাল টার্বাইন পাম্প দিয়ে প্রতিস্থাপন করা, কেমিকেল ফিড সিস্টেম আপগ্রেড করা, এবং একটি নতুন ট্রিটমেন্ট সিস্টেম ও ভবন নির্মাণ করার জন্য 2.4 মিলিয়ন ডলারের অনুদান ও অর্থায়ন প্যাকেজ।
- **এলবা ভিলেজ** – বর্জ্য পানির ট্রিটমেন্ট প্লান্টের নকশা প্রণয়ন ও নির্মাণকাজ এবং স্যানিটারি সিউয়ার সিস্টেমের উন্নয়নের জন্য 4.1 মিলিয়ন ডলারের অনুদান ও সুদমুক্ত অর্থায়ন।

- **লায়ন্স টাউন** – স্যানিটারি সিউয়ার কালেকশন সিস্টেমে পাম্প স্টেশন আপগ্রেড করার জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 4.4 মিলিয়ন ডলারের সুদমুক্ত অর্থায়ন।
- **ফেল্পপস টাউন** – হোয়াইট রোড ও মার্বেলটাউন রোডে (White Road and Marbletown Road) বর্তমানে ব্যক্তিগত কূপের উপর নির্ভরশীল 25টি সম্পত্তিতে সরকারিভাবে সুপেয় পানি পৌঁছে দিতে ওয়াটার ডিস্ট্রিক্ট সম্প্রসারণের জন্য 587,160 ডলারের অনুদান ও অর্থায়নের প্যাকেজ।

লং আইল্যান্ড

- **গ্রিনলন ওয়াটার ডিস্ট্রিক্ট** – ওয়েলহেড নম্বর 6-এ অস্থিতিশীল জৈব যৌগের, বিশেষ করে ট্রাইক্লোরোইথেনের দূষণ দূর করতে দুইটি দানাদার সক্রিয় কার্বন শোষণের ভেসেল এবং সংশ্লিষ্ট সব আনুষঙ্গিক স্থাপনের জন্য 1.4 মিলিয়ন ডলারের অনুদান।
- **পোর্ট ওয়াশিংটন ওয়াটার ডিস্ট্রিক্ট** - কূপ নম্বর 7 থেকে PFOA ও PFOS অপসারণ করার জন্য একটি দানাদার সক্রিয় কার্বন পরিশোধন ব্যবস্থা নির্মাণের জন্য 5 মিলিয়ন ডলারের অনুদান।
- **ওয়েস্টবারি ওয়াটার ডিস্ট্রিক্ট** – কূপ নম্বর 15 ও 18-তে PFOA ও PFOS এর দূষণ দূর করার জন্য দুই জোড়া দানাদার সক্রিয় কার্বন শোষণের ভেসেল এবং সংশ্লিষ্ট সব পাইপিং, ভালভ ও আনুষঙ্গিক স্থাপনের জন্য 5 মিলিয়ন ডলারের অনুদান।

মিড-হাডসন

- **নিউবার্গ সিটি** – সম্মিলিত সিউয়েজ কালেকশন সিস্টেম এবং বর্জ্যপানির ট্রিটমেন্ট প্লান্টের উন্নয়নের জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 44.9 মিলিয়ন ডলারের অনুদান ও সুদমুক্ত অর্থায়ন।
- **সাফার্ন ভিলেজ** – 30 বছর ধরে ব্যবহৃত না হওয়া বিদ্যমান তিনটি দানাদার সক্রিয় কার্বন ফিল্টার ভেসেলের পুনর্বাসনের জন্য 852,000 ডলারের অনুদান ও অর্থায়নের প্যাকেজ।
- **ওয়াওয়াইয়ান্ডা টাউন** – রবিন মিডোস ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টে (Robinn Meadows Wastewater Treatment Plant) একটি নতুন আল্ট্রাভায়োলেট ডিসইনফেকশন সিস্টেমের পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 1.4 মিলিয়ন ডলারের অনুদান ও অর্থায়নের প্যাকেজ।

নর্থ কান্ট্রি

- **টাইকনডারোগা টাউন** – কালেকশন সিস্টেম এবং বর্জ্যপানির ট্রিটমেন্ট প্লান্টের উন্নয়নের জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 34.2 মিলিয়ন ডলারের অনুদান ও সুদমুক্ত অর্থায়ন।

সাউদার্ন টিয়ার

- **নরউইচ সিটি** – বর্জ্য পানির ট্রিটমেন্ট প্লান্ট আপগ্রেড করার জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 4 মিলিয়ন ডলারের অনুদান ও সুদমুক্ত অর্থায়ন।
- **ওয়েগো টাউন -** সিউয়ার ডিস্ট্রিক্ট নম্বর 1-এর পানি দূষণ নিয়ন্ত্রণ প্লান্ট উন্নয়নের জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 9 মিলিয়ন ডলারের অনুদান ও অর্থায়নের প্যাকেজ।
- **শেরবার্ন ভিলেজ** – বর্জ্য পানির ট্রিটমেন্ট প্লান্ট আপগ্রেড করার জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 3.7 মিলিয়ন ডলারের অনুদান।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **বাফেলো সিউয়ার অথরিটি (Buffalo Sewer Authority)** – বার্ড আইল্যান্ড ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টে (Bird Island Wastewater Treatment Plant) প্রাথমিক পরিশোধন ও উচ্চ-হারে জীবাণুমুক্তকরণ করার প্রক্রিয়া আপগ্রেড করার জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 62.2 মিলিয়ন ডলারের অনুদান ও অর্থায়নের প্যাকেজ।
- **এরি কাউন্টি** – সাউথটাউন্স অ্যাডভান্সড ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসিলিটির (Southtowns Advanced Wastewater Treatment Facility) উন্নয়নের জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 56 মিলিয়ন ডলারের অনুদান ও অর্থায়নের প্যাকেজ।
- **লকপোর্ট সিটি** – গালফ ইন্টারসেপ্টরের উন্নয়নের জন্য পরিকল্পনা তৈরি, নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করার জন্য 9.1 মিলিয়ন ডলারের অনুদান ও সুদমুক্ত অর্থায়ন।

সম্পূর্ণ প্রকল্পের পুনরায় অর্থায়ন দীর্ঘমেয়াদি ঋণ সেবা সাশ্রয় অর্জন করবে
এছাড়াও বিদ্যমান প্রকল্পসমূহের জন্য অব্যাহত, দীর্ঘমেয়াদি ক্রয়সাধ্যতা নিশ্চিত করতে সাহায্য করার জন্য বোর্ড পদক্ষেপ নিয়েছে। **নর্থ টোনাওয়ান্ডা সিটি** এবং **চৌতাউকা কাউন্টিতে**, যেগুলোর উভয়টি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অবস্থিত, গৃহীত প্রকল্পগুলোর জন্য এই বোর্ড সর্বমোট আনুমানিক 10.7 মিলিয়ন ডলারের দীর্ঘমেয়াদী অর্থায়ন অনুমোদন করেছে।

স্বল্পমেয়াদী অর্থায়ন প্রকল্পের নকশা ও নির্মাণের জন্য মূলধন প্রদান করে। প্রকল্পের নির্মাণকাজ শেষ হয়ে গেলে, স্বল্পমেয়াদী অর্থায়ন সাধারণত 30 বছর পর্যন্ত দীর্ঘমেয়াদি তহবিল হিসেবে পুনরায় অর্থায়ন করা হয়, যার ফলে নিজেরা অর্থায়ন করার তুলনায় মিউনিসিপ্যালিটিগুলি উল্লেখজনক সুদ ব্যয় হ্রাস করতে পারে। বাজারের বর্তমান অবস্থার ভিত্তিতে এসব দীর্ঘমেয়াদী অর্থায়ন, অর্থায়নের পুরো মেয়াদে সুদের পেমেন্টের ক্ষেত্রে স্থানীয় বিল পরিশোধকারীদের আনুমানিক 16 মিলিয়ন ডলার সাশ্রয় করবে বলে অনুমান করা হচ্ছে।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি
নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC

থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। গভর্নর Hochul (হোকল)-এর ঘোষণা করা 2025 সালের নির্বাহী বাজেটে নির্মল পানি-সম্পদ অবকাঠামোর জন্য 500 মিলিয়ন ডলার বরাদ্দ করার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক 2017 সালের পর থেকে পানি-সম্পদ অবকাঠামোতে রেকর্ড পরিমাণ 6 বিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

গভর্নর Hochul (হোকল)-এর স্টেট অব দ্য স্টেট উদ্যোগসমূহ স্থানীয় সরকারগুলোর সঙ্গে চলমান সমন্বয় নিশ্চিত করছে এবং কমিউনিটিগুলোকে এসব বিনিয়োগ কাজে লাগাতে সাহায্য করছে। নভেম্বর মাসে গভর্নর Hochul (হোকল) 102টি প্রকল্পের জন্য 435 মিলিয়ন ডলারের অনুদান ঘোষণা করেছেন, যার মধ্যে ক্ষুদ্রতর, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বর্জ্যপানি ব্যবস্থাপনার প্রকল্পগুলোর জন্য বর্ধিত বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও ক্ষুদ্র, গ্রামীণ এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে এই তহবিল ব্যবহার করতে এবং তাদের পরিষ্কার পানি অবকাঠামোর চাহিদা পূরণে সাহায্য করতে গভর্নর EFC এর কমিউনিটি সহায়তা টিমগুলো সম্প্রসারিত করেছেন। পানি-সম্পদ অবকাঠামো প্রকল্পগুলো নিয়ে সহায়তার প্রয়োজন হওয়া যেকোনো কমিউনিটিকে EFC-এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.govএ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন